# অকবিতা

এফ. আহমেদ

এটা কোন কবিতা নয়।
এটা যে কি ?
তা রবীন্দ্রনাথের বুঝার কথা নয়।
নজরুল বুঝলেও বুঝতে পারেন,
যদিও তাঁরও অভিজ্ঞতার বাইরে।

এটা সবচেয়ে ভাল বুঝবেন ম্যান্ডেলা,
কারণ তাঁর মত অভিজ্ঞ আর কেউ নেই,
যদিও তিনি কবি নন।
অবশ্য আগেই বলেছি -
এটা কোন কবিতা নয়।

এটা হতে পারে -
কোন কবিতার ভাববস্তু।
হতে পারে -
কোন নাটকের বিষয়বস্তু।
কিংবা সাংবাদিকের গরম খবর।

এটা একজন বন্দীর জবানবন্দী।
তার পরাধীনতার কাহিনী।
শাসকের নির্লজ্জতার সাতকাহন।
শোষকের ক্ষমতার দীর্ঘায়িতকরন,
পা-চাটা কুকুরের মনীব বন্দনা।।

যে কুকুর লেলিয়ে দিয়েছিল তার মনিব
প্রতিবাদ ঠেকাতে।
তারা আলোচনা শুনতে পছন্দ করে,
সমালোচনা নয়।
স্পর্ধার বিষ দাঁত ভেঙ্গে দিতে পছন্দ করে,
নিজেকে পাল্টাতে নয়।

কিন্তু এই বন্দীজীবন -
বদলে দিয়েছে আমাকে
পাল্টে দিয়েছে সব।
আমার মুক্তির দাবীতে -

(আদতে ওদেরই মুক্তির দাবীতে,)
ওরা নেমে এল রাজপথে।

সেচ্ছায় বরণ করল বন্দীত্ব।
কারাগারগুলো উপচে পড়ল বন্দীতে।
ঘটল কারা বিদ্রোহ।
তা সামাল দিতে -
ঘোষণা করল সাধারণ ক্ষমা।
হল জনতার জয়।
সত্যের বিজয়।

এর পরেরটুকু আপনারা সবাই জানেন।
শাসককুলের ক্ষমতা হতে নির্বাসন।
জনগনের ক্ষমতায়ন,
গণতন্ত্রের আগমন
স্বৈরতন্ত্রের পতন।।